গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
চট্রগ্রাম মহানগর কার্যালয়
পরিবেশ ভবন, জাকির হোসেন রোড
ফয়েজ লেক এলাকা,খুলশী, চট্রগ্রাম -৪২০২
www.doe.gov.bd

ছাড়পত্র নবায়ন

ছাড়পত্র নং: ১৯-৩৩০৮১

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে ছাড়পত্র নবায়ন প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	:	CORVO CYCLES LTD.
উদ্যোক্তার নাম	:	PARDEEP MEHROTRA
সনাক্তকরণ নং	:	৯৯৪৭১
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	:	বাইসাইকেলের এক্সেসরিজ প্রসেসিং, এসেম্বলিং এবং প্রস্তুতকরণ।
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	:	Orange-B
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	:	SECTOR#01, PLOT NO#43-46, KEPZ, CHITTAGONG,EPZ,Chittagong Metro
প্রদানের তারিখ	:	০২/১২/২০১৯
মেয়াদ উত্তীর্ণের তারিখ	:	০৭/১০/২০২০

এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

ছাড়পত্র নবায়ন এর জন্য প্রযোজ্য শর্তাবলী:

১ . কারখানাটির কোন কর্মকান্ড ও উৎপাদন প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ দূষণ করা যাবে না।

২ . কারখানায় সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধনপূর্বক তা স্বাস্থ্য ও পরিবেশসম্মতভাবে অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৩ . এ ছাড়পত্র প্রতিষ্ঠানে শুধুমাত্র রপ্তানীযোগ্য বাইসাইকেল এক্সেসরিজ প্রসেসিং, এসেমব্লিং ও প্রস্তুতকরণ কাজ পরিচালনার জন্য প্রযোজ্য হবে।

৪ . কারখানা চালু অবস্থায় প্রতি ০৬(ছয়) মাস অন্তর অন্তর অর্থাৎ বছরে ০২(দুই) বার তরল বর্জ্যের গুণগতমান বিশ্লেষণ ফলাফল অত্র দপ্তরে দাখিল করতে হবে

৫ . কারখানাটির বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত হলে ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণ করতে আপনার প্রতিষ্ঠান বাধ্য থাকবে।

৬ . কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

৭ . কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে।কারখানার/প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে। প্রতি ৩(তিন) মাস অন্তর অন্তর সংরক্ষিত রেকর্ডের সার-সংক্ষেপ রিপোর্ট আকারে পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

৮ . পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

৯ . অগ্নি নির্বাপনকল্পে প্ল্যান্টে যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সি লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

১০ . কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যরে নিঃসরণ/নির্গমণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ(নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

১১ . এ ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করেনা।

১২ . এই ছাড়পত্র নবায়ন জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য (প্রয়োজনীয় ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ) আবেদন করতে হবে।

১৩ . ছাড়পত্রের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টিম, পরিদর্শক ও পরিদর্শনে ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তাগণ প্রতিষ্ঠান পরিদর্শনকালে ছাড়পত্র/নবায়নপত্র প্রদর্শন এবং প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শনে সহযোগিতা করতে হবে।অন্যথায় ইস্যুকৃত ছাড়পত্র বাতিলসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৪ . সরকার অনুমোদিত 3R(Reduce,Reuse & Recycle) নীতি ও সকল প্রকার Resource Conservation Plan বাস্তবায়ন করতে হবে।

১৫ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন,১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ ভঙ্গ করলে **Enforcement** করা হবে।